



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : [banglaacademy.pr@gmail.com](mailto:banglaacademy.pr@gmail.com), [bacademy1955@yahoo.com](mailto:bacademy1955@yahoo.com)

ওয়েব সাইট : [www.banglaacademy.gov.bd](http://www.banglaacademy.gov.bd)

তারিখ : ২৭.০৩.২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি



### মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা এবং সংস্কৃতি প্রতিমন্ত্রীর বাংলা একাডেমি পরিদর্শন

মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ড. কামাল আবদুল নাসের চৌধুরী এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নাহিদ ইজাহার খান এমপি আজ ১৩ই চৈত্র ১৪৩০/২৭শে মার্চ ২০২৪ বুধবার বাংলা একাডেমি পরিদর্শন করেন। বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা একাডেমিতে তাঁদের স্বাগত জানান। মাননীয় উপদেষ্টা ও প্রতিমন্ত্রী বেলা ২:০০টায় বাংলা একাডেমির বিভিন্ন বিভাগ, উপবিভাগ পরিদর্শন করেন এবং এরপর শহিদ মুনির চৌধুরী সভাকক্ষে একাডেমির মহাপরিচালক, সচিব, পরিচালক ও উপপরিচালকবৃন্দের সঙ্গে প্রতিষ্ঠানের কর্মপরিকল্পনা ও কার্যক্রম সম্পর্কে বৈঠক করেন। ড. কামাল আবদুল নাসের চৌধুরী এবং নাহিদ ইজাহার খান এমপি বিকেল ৩:৩০টায় শহিদ মুনির চৌধুরী সভাকক্ষে শিল্প-সাহিত্য-সংস্কৃতিসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন।

সমীর কুমার সরকার

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ